দৈনিক
ইনকিলাব

তারিখ 21 DEC 2002
পৃঃ ১৬ কলাম ৪

## এসএসসি ফরম পূরণে অতিরিক্ত ফি আদায় প্রসঙ্গে

সিলেট শহরের বিভিন্ন স্কুলে আসন্ন এসএসসি পরীক্ষার ফরম পূরণের নামে অতিরিক্ত ফি আদায় করা হচ্ছে। যেখানে বোর্ডের নিয়মানুযায়ী ৬৪০ টাকা ফি এবং পরীক্ষার পূর্বদিন পর্যন্ত কোচিং ক্লাস করানো হলে ৩০০ টাকা পর্যন্ত আদায়ের নিয়ম রয়েছে যা সর্বসাকুল্যে (৬৪০+৩০০)= ৯৪০ টাকার স্থলে কয়েকটি স্কুলে দুই-তিন গুণ ফি আদায় করছে।

যেমন-

| ফরম পূরণ ফি+কোচিং ফি | মোট |
| --- | --- |
| ১৩৩০+৬০০ | = ১৯৩০ টাকা |
| ১৩৮০+৬০০ | = ১৯৮০ " |
| ১২৯০+৭০০ | = ১৯৯০ " |
| ২০৭৫+১৫০০ | = ৩৫৭৫ " |

অনিয়মিত ছাত্র-ছাত্রীর নিকট থেকে কোচিং ফি ছাড়া নিম্ন লিখিত হারে ফি আদায় করা হচ্ছে।

এক বিষয়ে অকৃতকার্য হলে ৩৩০/- (১২০০+৯০০)=২১০০/-
দুই বিষয়ে অকৃতকার্য হলে (৬৫০+৩৫)=৬৮৫/-
(১৫০০+৯০০)=২৪০০/-
তিন বা ততোধিক
৬৫০+৭০=৭২০/-
(২০০০+৯০০)=২৯০০/-

এভাবে প্রতি শিক্ষার্থীর কাছ থেকে অতিরিক্ত ১০০০ থেকে ২০০০ টাকা আদায় করা হচ্ছে এবং প্রতিটি স্কুলে প্রায় শতাধিক শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিলে মোট অতিরিক্ত আদায় হচ্ছে লক্ষাধিক টাকা। এই টাকাগুলো কার পকেটে যাচ্ছে এবং ভবিষ্যতে আমার মত অসহায় বা গরীব অভিভাবকগণ যাতে এই সমস্যার সম্মুখীন না হন এই ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও সচেতন মহলের হস্তক্ষেপ কামনা করছি।

-জমির উদ্দিন খান
অভিভাবক, সিলেট